রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৬০৫
তারিখ ২৯/১০/২০২৬
স্থাপিত. ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৩৪.০০৫.২০২০-২২৭০ তারিখ: ২৮/১০/২০২৬ খ্রি.

বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের সহকারী অধ্যাপক পদে ০৮ (আট) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড (৫ম গ্রেড) প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অনুবিভাগ কর্তৃক এস.আর.ও নং-৩৪৭-আইন/২০২৬। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ১৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত আদেশ "চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০২৬" এর অনুচ্ছেদ ৬(১) অনুযায়ী কোনও স্থায়ী কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ০৮ (আট) বছর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে তাঁহার পদের মূল স্কেলের পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন।" এর আলোকে ৩১ অক্টোবর পর্যন্ত যে সকল কর্মকর্তাগণকে সহকারী অধ্যাপক পদে ০৮ (আট) বৎসর চাকরিকাল পূর্তিতে উচ্চতর (৫ম) গ্রেড প্রাপ্য হবেন, সেই সকল কর্মকর্তাকে নিম্নে উল্লিখিত "ছকে" তথ্যাদি ০২(দুই) সেট আগামী ০৫/১১/২০২৬ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের পত্র গ্রহণ শাখায় (১৩০ নম্বর কক্ষ) আবেদন জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

"তথ্য ছক"

ক্র.নং	নাম, আইডি, পদবী, বিষয় ও কর্মস্থল	চাকুরিতে প্রথম যোগদানের তারিখ	সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও যোগদানের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)	চাকরিকাল ০৮ (আট) বছর পূর্তিতে উচ্চতর (৫ম গ্রেড) গ্রেড প্রাপ্যতার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

প্রয়োজনীয় তথ্যাদিঃ
(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন
(খ) অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র
(গ) ক্যাডারে ১ম যোগদানের আর্টিক্যাল ৪৭।
(ঘ) চাকুরি স্থায়ীকরণের প্রজ্ঞাপন।
(ঙ) নিয়োগ ও পদায়নের আদেশ।
(চ) নিয়মিতকরণের আদেশ প্রযোজ্য ক্ষেত্রে।
(ছ) পদোন্নতির প্রজ্ঞাপন।
(জ) পদোন্নতির প্রাপ্ত পদে যোগদানের আর্টিক্যাল ৪৭।
(ঞ) বিভাগীয় মামলা নেই, এই মর্মে অফিস প্রধানের প্রত্যয়নপত্র।

29.10.2026
(মোঃ ইকরামুল কবির)
সহকারী পরিচালক(কলেজ-১)
ফোন: ০২-৪১০৫০১১৭

অনুলিপি ও অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:
১। পরিচালক, (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৩। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল) সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/সকল শিক্ষা বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই/সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
৪। সহকারী পরিচালক(কলেজ-১/২/৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬। সংরক্ষণ নথি।